গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ

বাজেট ও পরিকল্পনা-২

**অর্থ বিভাগের নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার<br>সচিব |
| সভার তারিখ | ১৪ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | অর্থ বিভাগ (ভার্চুয়াল সভা) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি শুরুতে অনলাইন সভায় সংযুক্ত হিসাব মহানিয়ন্ত্রক ও অর্থ বিভাগের নৈতিকতা কমিটির সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) জনাব তাহমিদ হাসনাত খান-কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) বলেন, অর্থ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে নৈতিকতা কমিটির মোট চারটি সভা অনুষ্ঠানের জন্য নির্ধারিত রয়েছে, এটি প্রথম সভা। এ পর্যায়ে তিনি আলোচ্যসূচি অনুযায়ী অর্থ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট ও পরিকল্পনা-২)-কে অনুরোধ জানান। উপসচিব (বাজেট ও পরিকল্পনা-২) অর্থ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সভায় বিস্তারিতভাবে তুলে ধরেন।

০২। উপস্থাপিত তথ্য পর্যালোচনাপূর্বক অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা) জনাব কবিরুল ইজদানী খান বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা সিজিএ অফিসের ব্যবস্থাপনায় অর্থ বিভাগের সচিব মহোদয় অথবা উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে আয়োজন করা যেতে পারে। এ প্রসঙ্গে অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম জনাব তাহমিদ হাসনাত খান বলেন, অংশীজনদের অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভায় সিজিএ অফিসের আমন্ত্রণের ভিত্তিতে অর্থ বিভাগের প্রতিনিধি প্রেরণ করা যেতে পারে। এছাড়া বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাপূর্বক অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) জনাব মোহাম্মদ মানজারুল মান্নান বলেন, নির্ধারিত সময়ের মধ্যে প্রমাণক দাখিলের বাধ্যবাধকতা থাকায় লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে আরো তৎপর হওয়া প্রয়োজন। এ জন্য তিনি প্রকল্প পরিচালকগণের দৃষ্টি আকর্ষণ করেন।

০৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় সভাপতি বলেন, এসইআইপি প্রকল্পটি অর্থ বিভাগের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। মূলতঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের হার বহুলাংশেই এসইআইপি প্রকল্পের বাস্তবায়নের উপর উপর নির্ভরশীল। তাই এই প্রকল্পের দ্রুত বাস্তবায়নে তৎপর হওয়ার জন্য তিনি প্রকল্প পরিচালকের প্রতি অনুরোধ জানান। এছাড়া আইপিএফএফ-ll প্রকল্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়নের হার মাত্র ০.২০% হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সভাপতি এ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করার জন্য আইপিএফএফ-ll প্রকল্পের প্রকল্প পরিচালকের প্রতি নির্দেশনা প্রদান করেন। আগামী নৈতিকতা কমিটির সভার পূর্বেই এই প্রকল্প দুটির উল্লেখযোগ্য বাস্তবায়ন নিশ্চিতকরণে তিনি প্রকল্প পরিচালকদ্বয়ের দৃষ্টি আকর্ষণ করেন। পাশাপাশি ২০২৩-২৪ অর্থবছরে ১ম ত্রৈমাসিকে এসইআইপি ও আইপি এফএফ-II প্রকল্পের অবশিষ্ট পিএসসি ও পিআইসি সভা ৩০ সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে আয়োজন সম্পন্ন করার জন্য সভায় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়।

০৪। অতঃপর হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন উপহিসাব মহানিয়ন্ত্রক জনাব মোঃ আব্দুর রাজ্জাক। উপস্থাপিত তথ্য পর্যালোচনায় হিসাব মহানিয়ন্ত্রক জনাব ফাহমিদা ইসলাম বলেন, সিজিএ কার্যালয়ের নৈতিকতা কমিটির সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। এছাড়া বিভিন্ন কার্যক্রমের বিপরীতে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সন্তোষজনক পর্যায়ে রয়েছে।

০৫। হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের আওতাধীন অফিসসমূহে আয়োজিত গণশুনানি কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) বলেন, গণশুনানিগুলোতে সেবা প্রার্থীদের নিকট হতে গুরুত্বপূর্ণ পরামর্শ ও পর্যবেক্ষণ পাওয়া যায়। এ পর্যবেক্ষণগুলো একীভূত করে একটি সুপারিশমালা হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় হতে অর্থ বিভাগে প্রেরণ করা হলে ভবিষ্যতে সেবা প্রদান কার্যক্রম সহজতর করার ক্ষেত্রে তা ভূমিকা রাখতে পারে। এক্ষেত্রে গণশুনানিগুলোতে সেবা প্রার্থীদের নিকট থেকে প্রাপ্ত পর্যবেক্ষণগুলো অর্থ বিভাগকে অবহিত করা হবে মর্মে হিসাব মহানিয়ন্ত্রক জানান। প্রসঙ্গ আলোচনায় অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) বলেন, শুদ্ধাচার প্রতিষ্ঠায় অধস্তন দপ্তরসমূহের পরিদর্শন কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাঠ পর্যায়েরপরিদর্শন প্রতিবেদনগুলোতে বেশ কিছু পর্যবেক্ষণ থাকে কিন্তু সেগুলো অনেক ক্ষেত্রেই বাস্তবায়িত হয়না। এই পর্যবেক্ষণগুলো সম্পর্কে জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত সুপারিশগুলো বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়া হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত গৃহীত কাজ দুটি পর্যালোচনা করে কর্মপরিকল্পনা সংশোধনের বিষয়ে তিনি হিসাব মহানিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করেন।

০৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (ক) | ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রার ভিত্তিতে অর্থ বিভাগের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। | ক) প্রশাসন ও সমন্বয় অনুবিভাগঃ প্রশাসন-৬ শাখা<br>খ) সামষ্টিক অর্থনীতি অনুবিভাগঃ পরিবীক্ষণ-১ / প্রকল্প পরিচালক, এসইআইপি প্রকল্প<br>গ) বাজেট-১ অনুবিভাগঃ বাজেট-৩ শাখা/ প্রকল্প পরিচালক, আইপিএফএফ-II প্রকল্প<br>ঘ) অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগঃ কর্মসূচি পরিবীক্ষণ-৪ শাখা |
| (খ) | ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রার ভিত্তিতে নৈতিকতা কমিটির আগামী সভার পূর্বেই অর্থ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচির উল্লেখযোগ্য বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করতে হবে। | ক) সামষ্টিক অর্থনীতি অনুবিভাগঃ পরিবীক্ষণ-১ / প্রকল্প পরিচালক, এসইআইপি প্রকল্প<br>খ) বাজেট-১ অনুবিভাগঃ বাজেট-৩ শাখা/ প্রকল্প পরিচালক, আইপিএফএফ-II প্রকল্প<br>গ) অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগঃ কর্মসূচি পরিবীক্ষণ-৪ শাখা |
| (গ) | অর্থ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে প্রকল্পসমূহের পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে হবে। | ক) সামষ্টিক অর্থনীতি অনুবিভাগঃ পরিবীক্ষণ-১ / প্রকল্প পরিচালক, এসইআইপি প্রকল্প<br>খ) বাজেট-১ অনুবিভাগঃ বাজেট-৩ শাখা/ প্রকল্প পরিচালক, আইপিএফএফ-II প্রকল্প<br>গ) অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগঃ কর্মসূচি পরিবীক্ষণ-৪ শাখা |
| (ঘ) | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের আওতাধীন অফিসসমূহে ২০২৩-২৪ অর্থবছরে প্রতিটি গণশুনানি অনুষ্ঠানের অব্যবহিত পরে গণশুনানিগুলোতে সেবা প্রার্থীদের নিকট হতে প্রাপ্ত গুরুত্বপূর্ণ পরামর্শ ও পর্যবেক্ষণগুলো একীভূত করে সুপারিশমালা অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| (ঙ) | মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত ২০২৩-২৪ সময়ে বাস্তবায়নযোগ্য সুপারিশগুলো বাস্তবায়ন করতে হবে। | ক) প্রশাসন ও সমন্বয় অনুবিভাগঃ প্রশাসন-২<br>খ) হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| (চ) | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত গৃহীত দুটি কাজ পর্যালোচনাপূর্বক কর্মপরিকল্পনা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| (ছ) | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় কর্তৃক আয়োজিত অংশীজনদের সভায় প্রয়োজনীয়তার নিরিখে অর্থ বিভাগ থেকে প্রতিনিধি প্রেরণ করা হবে। | ক) প্রশাসন ও সমন্বয় অনুবিভাগঃ প্রশাসন-২<br>খ) হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |

০৭। আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
সচিব

স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০৮৯.১৬.০০১.২৩.২৬২

তারিখ: ৪ আশ্বিন ১৪৩০
১৯ সেপ্টেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
২) অতিরিক্ত সচিব, বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা, অর্থ বিভাগ
৩) অতিরিক্ত সচিব, প্রবিধি, বাস্তবায়ন এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ, অর্থ বিভাগ
৪) অতিরিক্ত সচিব, প্রশাসন ও টিডিএম, অর্থ বিভাগ
৫) অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ
৬) অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ
৭) অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনেতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ
৮) অতিরিক্ত সচিব, বাজেট পরিবীক্ষণ, মূল্যায়ন ও রিপোর্টিং, অর্থ বিভাগ
৯) প্রকল্প পরিচালক, স্কিলস ফর এমপ্লমেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি), প্রবাসী কল্যাণ ভবন (১৫ তলা), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
১০) যুগ্মসচিব, বাজেট ও পরিকল্পনা , অর্থ বিভাগ
১১) যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, অর্থ বিভাগ
১২) প্রকল্প পরিচালক, ইনভেস্টমেন্ট প্রমোশন এন্ড ফাইন্যান্সিং ফ্যাসিলিটি II (আইপিএফএফ II), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০।
১৩) উপ সচিব, প্রশাসন-২ শাখা, অর্থ বিভাগ
১৪) উপ-সচিব, বাজেট-৩ শাখা, অর্থ বিভাগ
১৫) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ
১৬) সিনিয়র সহকারী সচিব, পরিবীক্ষণ-১ শাখা, অর্থ বিভাগ
১৭) সিনিয়র সহকারী সচিব, কর্মসূচী পরিবীক্ষণ-৪, অর্থ বিভাগ
১৮) সিস্টেম এনালিস্ট, এফ এস এম ইউ, অর্থ বিভাগ
১৯) সহকারী সচিব, প্রশাসন-৬ শাখা, অর্থ বিভাগ
২০) অফিস কপি

এবিএম ইফতেখারুল ইসলাম খন্দকার
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)